বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (২য় সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-৭৩৭ তারিখঃ ১৭/১০/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা" (সংশোধিত) প্রকল্পের মেয়াদ আগামী জুন/২০১৮ সালে সমাপ্ত হবে। সে আলোকে প্রকল্পের সকল কার্যক্রম বর্ণিত প্রকল্প মেয়াদের মধ্যে সমাপ্ত করতে হবে। সে আলোকে ২০১৭-২০১৮ অর্থ বছরের লক্ষ্যমাত্রা নির্ধারনসহ তা বাস্তবায়নের জন্য ইতোপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে; কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, নির্দেশনা অনুযায়ী কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে না। তাই আপনার আওতাধীন উপজেলাসমূহের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন তরান্বিত করার জন্য আপনাদের সক্রিয় ভূমিকা ও তদারকি একান্ত প্রয়োজন। সে আলোকে প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আপনার আওতাধীন উপজেলাসমূহে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলোঃ

১. লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন নীতিমালা অনুসরন করে সদস্য অন্তর্ভুক্তি ডিসেম্বর/২০১৭ এর মধ্যে অর্জন করতে হবে, কেননা ডিসেম্বর/২০১৭ এর পরে সদস্য অন্তর্ভূক্ত করা হলে তাদের প্রশিক্ষণ প্রদান এবং ঋণের আওতায় জুন/২০১৮ এর মধ্যে আনা অসম্ভব হবে। তাই অবশ্যই ডিসেম্বর/২০১৭ এর মধ্যে সদস্য অন্তর্ভুক্তির কাজ সমাপ্ত করতে হবে, প্রয়োজনে পূর্বের গঠিত সমিতিতে সদস্য সংখ্যা বৃদ্ধি করে অথবা নতুন সমিতি গঠনের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে;
২. প্রকল্প সদর দপ্তরের নির্দেশনা অনুযায়ী সুফলভোগী সদস্যদের জন্য নির্ধারিত প্রশিক্ষণসমূহ সমাপ্ত করতে হবে;
৩. ঋণ বিতরণের ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরনের বিষয়টি তদারকিসহ লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে। গ্রাজুয়েট সদস্যদের নীতিমালা অনুযায়ী পর্যায়ক্রমে উদ্যোক্তা ঋণের আওতায় আনতে হবে;
৪. সাপ্তাহিক সঞ্চয় ও ঋণের কিস্তি আদায়ের নির্ধারিত তারিখে সমিতিতে মাঠ সংগঠকের উপস্থিতি নিশ্চিত করতে হবে। যে সকল মাঠসংগঠক সাপ্তাহিক আদায়ের দিন সমিতিতে গমন করেন না তাদের বিরুদ্ধ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৫. প্রতি মাসের ০১ তারিখে সফটওয়্যার হতে প্রিন্টেট সাপ্তাহিক আদায় সীট (wcs) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা'র স্বাক্ষরযুক্ত ১ কপি উপজেলায় সংরক্ষণ এবং অপর ১ কপি সমিতির ম্যানেজারের নিকট সংরক্ষন ও তদারকির বিষয়টি নিশ্চিত করতে হবে;
৬. প্রতি সাপ্তাহে প্রকল্পের এআরডিও কর্তৃক প্রত্যেক মাঠ সংগঠকের ন্যূনতম একটি করে সমিতি'তে গমনসহ সদস্যদের পাশ বহিঃ এর সঙ্গে সাপ্তাহিক আদায় সীট যাচাই কারে আর্থিক বিষয়টি নিশ্চিত করতে হবে;
৭. যে সকল সমিতি হতে সাপ্তাহিক কিস্তিতে ঋণ আদায় ঠিকমত হয় না, সে সকল সমিতিতে তদারকি জোরদার করতে হবে;
৮. যে সকল খেলাপী সদস্যের সামর্থ্য থাকা সত্ত্বেও ইচ্ছাকৃত ঋণ দিচ্ছে না তাদের তালিকা প্রস্তুত করে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর সহায়তা গ্রহন ও প্রযোজ্য ক্ষেত্রে ইউপি কার্যালয়ের নোটিশ বোর্ডে তালিকা প্রদর্শন করতে হবে;
৯. মেয়াদোত্তীর্ন খেলাপী ঋণ আদায়ের জন্য প্রয়োজনে সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে এবং এর অগ্রগতির জন্য ইউএনওসহ সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;
১০. খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে প্রতি শনিবার প্রকল্পের সকল কর্মকর্তা-কর্মচারীসহ প্রয়োজনে অন্যান্য কর্মচারীদের সমন্বয়ে একটি টিম গঠন করে বিশেষ আদায় অভিযান/ক্রাশ প্রোগ্রাম পরিচালনা করতে হবে;

১৭/১০/১৭

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
জেলা ঃ-------------- ।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, -------------উপজেলা, ------------ জেলা।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, --------------- উপজেলা, -------------- জেলা।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।